



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৭৬৬

তারিখ : ২৭/০৬/২০২২

প্রেস বিজ্ঞপ্তি

স্বপ্নের পদ্মা সেতু'র উদ্বোধন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ দিল
ঢাকা ওয়াসা



২৬ জুন ২০২২ তারিখ অপরাহ্নে এক আনন্দঘন পরিবেশে স্বপ্নের পদ্মা সেতু'র উদ্বোধন উপলক্ষে এক ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করে ঢাকা ওয়াসা। ২৫ জুন, ২০২২, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দীর্ঘ প্রতিক্ষিত পদ্মা সেতুর শুভ উদ্বোধন করেন। উল্লেখ্য, ঢাকা ওয়াসা'র ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান পদ্মা সেতু'র এ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।


ঢাকা ওয়াসা'র উপ ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) ড. সৈয়দ মোঃ গোলাম ইয়াজদানী উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদেরকে স্বাগত জানান। বাংলাদেশের স্বপ্নের পদ্মা সেতু নিজস্ব অর্থায়নে নির্মাণ ও এর সফল

(Handwritten signature)

বাস্তবায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে ঢাকা ওয়াসা'র পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। বস্তুতঃ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র দূরদর্শিতা, দৃঢ় প্রতিজ্ঞা ও সকল প্রতিকূলতাকে উপেক্ষা করে স্বপ্নের পদ্মা সেতু নির্মাণে প্রত্যক্ষ নির্দেশনা আজ বাস্তবে পদ্মা সেতুর রূপ পেয়েছে। সকল কুচক্রী মহলের ষড়যন্ত্র নস্যাৎ করে বাংলাদেশ আজ বিশ্বের বুকে মাথা উঠুঁ করে দাঁড়িয়েছে। ঢাকা মাওয়া রোডের সাথেই পদ্মার পাড়ে দৈনিক ৪৫ কোটি লিটার পানি উৎপাদন ক্ষমতা সম্পন্ন যে পানি শোধনাগারটি চালু আছে, তাও মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় তৈরি হয়েছে। ঢাকা ওয়াসা'র দক্ষ প্রকৌশলীরা পদ্মা সেতু প্রকল্পের প্রকৌশলীদের সাথে একই তালে কাজ করতে পেরে গর্বিত।

এ পর্যায়ে ঢাকা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শ ও তাঁর রাজনৈতিক জীবনদর্শন স্বপ্নের সোনার বাংলা এর বিভিন্ন দিক তুলে ধরেন। বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র প্রত্যক্ষ দিক নির্দেশনায় ঢাকা ওয়াসা আজ ঘুরে দাঁড়িয়েছে। ঢাকা ওয়াসা আজ ডিজিটাল ওয়াসা'য় রূপান্তরিত হয়েছে। পদ্মা যশলদিয়া'র মত বড় মেগা প্রকল্প বাস্তবায়ন করে ঢাকা ওয়াসা রাজধানীবাসির পানির চাহিদার উদ্বৃত্ত পানি উৎপাদনের সক্ষমতা অর্জন করেছে।

পরিশেষে, আগত সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।


29/3/2022

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।